

৩৫

সরকারি কলেজ শিক্ষকদের  
জাতীয় কমিটির  
নির্বাচন ৫ই নভেম্বর  
(নিজস্ব বার্তা পরিবেশক)

আগামী ৫ই নভেম্বর সরকারি কলেজ শিক্ষকদের জাতীয় কমিটির নির্বাচন অনুষ্ঠিত হবে। এই নির্বাচনে সরাসরি ভোটে নির্বাচিত শিক্ষক প্রতিনিধিরাই বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের প্রতি-নিধিত্ব করবেন এবং সরকারি কলেজের শিক্ষকদের একটি পূর্ণাঙ্গ সংগঠন গড়ে তুলবেন।

বিসিএস সাধারণ শিক্ষা সমন্বয় পরিষদ আয়োজিত গতকাল শনিবার বিকেলে জাতীয় প্রেসক্রায়ে এক সাংবাদিক সম্মেলনের মাধ্যমে একথা জানানো হয়।

সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ইউএন মহিলা কলেজের সাবেক অধ্যক্ষ ও বিসিএস সাধারণ শিক্ষা সমন্বয় পরিষদ আয়োজিত নির্বাচনের প্রধান নির্বাচন কমিশনার প্রফেসর জাহান আরা বেগম। সম্মেলনে উপস্থিত ছিলেন সমন্বয় পরিষদের সদস্য প্রফেসর আলেম আলী, লতিফুর রহমান, সৈয়দ আবদুর রাজ্জাক, মোঃ সিরাজুল হক, ডঃ নেসার আহমেদ কাওসার আলী প্রমুখ।